

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
জলঢাকা, নীলফামারী
www.jaldhaka.nilphamari.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৭৩৩৬.০০০.০২.১৫৩.১৯-৬৬

তারিখ : ০৮ জানুয়ারি, ২০২০ খ্রি।

বিষয় : জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মশতবার্ষিকী (মুজিববর্ষ) এবং বঙ্গবন্ধুর ঐতিহাসিক স্বদেশ প্রত্যাবর্তন দিবস ও মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সারাদেশে একযোগে ক্ষণগণনা কার্যক্রম উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিতি।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মশতবার্ষিকী (মুজিববর্ষ) উদযাপনের অংশ হিসেবে আগামী ১০ ও ১১ জানুয়ারি, ২০২০ তারিখ জলঢাকা উপজেলায় ব্যাপক কর্মসূচি গ্রহণ করা হয়েছে। বঙ্গবন্ধু মুরালে ক্ষণগণনা (count down) যন্ত্র স্থাপন করা হবে। আগামী ১০ জানুয়ারি, ২০২০ তারিখ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সারাদেশে একযোগে ক্ষণগণনা কার্যক্রম উদ্বোধনী অনুষ্ঠান সরাসরি সম্প্রচার করা হবে এবং ১১ জানুয়ারি, ২০২০ তারিখ সর্বস্তরের জনগণের অংশগ্রহণে সংযুক্ত কর্মসূচি অনুযায়ী আনন্দ শোভাযাত্রা, প্রদর্শনী, আলোচনাসভাসহ বিভিন্ন কর্মসূচি জলঢাকা বাজারস্থ জিরো পয়েন্টে অনুষ্ঠিত হবে।

২। এমতাবস্থায়, বঙ্গবন্ধুর ঐতিহাসিক স্বদেশ প্রত্যাবর্তন দিবস ও মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সারাদেশে একযোগে ক্ষণগণনা কার্যক্রম উদ্বোধনী অনুষ্ঠান ফলপ্রসূ করার লক্ষ্যে ইউনিয়ন পরিষদের সকল ইউপি সদস্য, ইউনিয়ন পরিষদের কর্মকর্তা/কর্মচারীসহ তার উপস্থিতি নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হল।

বিষয়টি জরুরী।

সংযুক্ত : বর্ণনামতে-১(এক) পাতা।


চেয়ারম্যান


.....ইউনিয়ন পরিষদ

জলঢাকা, নীলফামারী।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে) :

- ০১। মাননীয় সংসদ সদস্য, ১৪-নীলফামারী-০৩।
- ০২। জেলা প্রশাসক, নীলফামারী।
- ০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জলঢাকা, নীলফামারী।


০৬/০১/২০
মোঃ সুজাউদ্দৌলা
উপজেলা নির্বাহী অফিসার
জলঢাকা, নীলফামারী
ফোন: ০৫৫২৪-৬৪০০৪
unojaldhaka@mopa.gov.bd


০৬/০১/২০